

## 💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১৪৩৬

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৬৩. সফরকালে দুই ওয়াক্তের নামায একত্রে পড়া

بَابُ الْجَمْعِ بَيْنَ الصَّلَاتَيْنِ فِي السَّفَرِ

## আরবী

حَدَّ ثَنَا الْحُسَيْنُ بْنُ إِسْمَاعِيلَ ، ثَنَا يُوسُفُ بْنُ مُوسَى ، ثَنَا وَكِيعٌ وَجَرِيرُ بْنُ عَبْدِ الْحَمِيدِ وَاللَّفْظُ لِوَكِيعٍ عَنِ الْفُضَيْلِ بْنِ غَزْوَانَ عَنْ نَافِعٍ عَنِ ابْنِ عُمَرَ قَالَ : اسْتُصْرِخَ عَلَى صَفْيَةً وَهُوَ فِي سَفَرٍ فَسَارَ حَتَّى إِذَا غَابَتِ الشَّمْسُ قِيلَ لَهُ : الصَّلَةَ ، فَسَارَ حَتَّى إِذَا كَادَ يَغِيبُ الشَّفَقُ صَلَّى الْعِشَاءَ ثُمَّ قَالَ : كَانَ رَسُولُ اللَّهِ \_ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ \_ إِذَا نَابَتْهُ حَاجَةٌ صَنَعَ هَكَذَا : كَانَ رَسُولُ اللَّهِ \_ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ \_ إِذَا نَابَتْهُ حَاجَةٌ صَنَعَ هَكَذَا

## বাংলা

১৪৩৬(১৭). আল-হুসাইন ইবনে ইসমাঈল (রহঃ) ... ইবনে উমার (রাঃ) থেকে বর্ণিত। তিনি সফরকালে সাফিয়্যা (রাঃ) এর মুমূর্ষ অবস্থার খবর পেয়ে সফর অব্যাহত রাখলেন। সূর্য অস্তমিত হলে তাকে বলা হলো, নামায (নামাযের ওয়াক্ত হয়েছে)। তিনি পথ চলতে থাকলেন। এমনকি শাফাক অন্তর্হিত হওয়ার কাছাকাছি হলে তিনি যাত্রাবিরতি করে মাগরিবের নামায পড়েন, অতঃপর অপেক্ষা করেন এবং শাফাক অন্তর্হিত হলে এশার নামায পড়েন। তারপর তিনি বলেন, সফরে রাস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর প্রয়োজন হলে তিনিও এরূপ করতেন।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন